200Rs.

INDIA NON JUDICIAL

२००रु.  Rs 200

भारत

दो सौ रुपया  TWO HUNDRED RUPEES

... also u/s 5(1), ... L. R. Act 1908
Exempt from Stamp duty.  Does not require
stamp duty, duly stamped under the Indian
Stamp Act 1899, W. B. 2nd amendment Act
1982.

Schedule : A  No ...
Fees Paid ...

Admissible u/s 28(a)/28(b) of
the UL (C & R) Act 1976

Sub-Registrar
Cossipore, Dum Dum

সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্য ৫০০০ পাঁচ হাজার টাকা।

| কোবালা গ্রহীতা | কোবালা দাতা |
|---|---|
| শ্রীমতী আলোরাণী দেব | শ্রী লাল মোহন বাগচী |
| স্বামী শ্রীবিপ্লব দেব | পিতা মৃত কালোধন বাগচী |
| জাতি হিন্দু, পেশা গৃহস্থালী | জাতি হিন্দু, পেশা চাকুরী |
| সাং ৪।২ ব্যারিস্টার পি. মিত্র | সাং ২৬ নং রামচন্দ্র বাগচী লেন |
| রোড, থানা বরাহনগর - | থানা বরাহনগর কলিকাতা ৩৫। |
| কলিকাতা ৩৫। | |

অদ্য ৪নং বিধি মতে অকৃষি প্রজা স্বত্বের প্লট প্ল্যানের বি।৩ নং প্লট ভুক্ত

1822 (4)

Alo rani deb.
9/2. B. P. mitra Rd. Cal. 35—
dev

1822 (4) = 20/-
10/-
5/-
1/-
6-30
21/-

Presented for Registration at ... A.M./P.M. on the 12th day of May 197... at private residence at 26 Ram Chandra Bagchi Road
of Cossipore Dum-Dum Sub-Registry office
by Lal Mohan Bagchi
the executant, one of the executants

Sub-Registrar
Cossipore, Dum Dum
12/5/7

Lal mohan Bagchi

V. C. T. I. No. 111

Lal mohan Bagchi

Execution admitted
by Lal Mohan Bagchi
son of Late Kaladhar Bagchi
of 26 Ram Chandra Bagchi Road
Thana ...
District 24 Parganas, Cal-35
by Caste Hindu/Muslim
by profession ...

Kanai Lal Banerjee
by ...
son of Late Bhupendra Kr Banerjee
of 35 Barrister P. Mitra Road
Thana ...
District 24 Parganas, Cal-35
by Caste Hindu/Muslim
by profession Service

Kanai Lal Banerjee

10 Rs.

दस रुपया

भारत

INDIA

१०रू.    10Rs.

TEN RUPEES

।২।

Lal mohan Bagchi

কমবেশ ⁄১৷৴২৫ এক কাঠা তিন ছটাক পঁচিশ বর্গফুট বাস্তু জমি মায় চলাচলের
ও ব্যবহারিক যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক নিঃস্বত্ব সাফ বিক্রয়
কোবালা দলিল পত্র মিদং কার্যঞ্চাগে -

জেলা ২৪ পরগণা থানা বরাহনগর অধিন বরাহনগর মিউনিসিপ্যালিটির
অন্তর্গত ১৩নং ব্যারিস্টার পি. মিত্র রোড প্রেমিসেস ভুক্ত মৌজা বরাহনগর
গ্রামে জেঃ এলঃ নং ৫ রেঃ সাঃ নং ৬ পরগণা কলিকাতা ১০৬৮ ২৮৩৩ নং তৌজি
ভুক্ত ৬১৪৯, ৬১৪৪ ও ৫৯৬৪ নং হাল খণ্ড খতিয়ানে ১৭৮৭ নং দাগের মোট
.২৭০৭ শতক বাস্তু জমি বাংলা মাপে ৮৩৩৭ বর্গফুট জমি যথাক্রমে ।৵৬।।৴৴
ক্রান্তি অংশ হিসাবে মালিক অধুনা মৃত বেচুধন বাগচীর একমাত্র উত্তরাধিকারী
১। শ্রীমতী লাবন্য দেবী ২। শ্রী লাল মোহন বাগচী ৩। শ্রী ভোলানাথ বাগচী
দিং ষোল আনা রকমে স্বত্ব দখলীয় সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি আমরা
পরবর্তী সুনাভিষিক্ত

5 Rs.

INDIA

पाँच रुपया

पाँच रुपया

FIVE RUPEES भारत FIVE RUPEES



পরবর্তী স্থলাভিষিক্ত ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া মিউনিসিপ্যালিটিতে ও কালেক্টারীতে নিজ নিজ নাম পত্তন করিয়া লইয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্স আদি আদায় দিয়া যৌথ ভাবে ভোগ দখলিকার থাকা অবস্থায় ইং ১১।৫।৭৭ তারিখে ২৮-৩৭৫৩ এক কেতা আপোষ বন্টন নামা দলিল প্রস্তুত করিয়া লইয়া বন্টন নামা দলিলের ।গ। তপশীলে বর্ণিত এবং পার্টিশানে প্ল্যানে বি লট ভুক্ত সম্পত্তি হলুদ রং এর বর্ডার দ্বারা চিহ্নিত ৴৪।।০৭ চার কাঠা আট ছটাক সাত বর্গফুট বাস্তু জমি আমার নামে নির্দিষ্ট অংশে প্রাপ্ত হই এবং দখল লই। এক্ষণে আমার প্রাপ্ত উক্ত ৴৪।।০৭ বর্গফুট জমিকে ৩ তিনটি প্লটে বিভক্ত করিয়া যথাক্রমে বি।১, বি।২ ও বি।৩ এই তিনটি প্লটে বিভক্ত করিয়াছি।

বর্তমানে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু আমার কৃত উক্ত প্লট তিনটির মধ্যে বি।৩ নং প্লটের ৴১৶২৫ এক কাঠা তিন ছটাক পঁচিশ বর্গফুট জমি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে

1R$




।৪।

বর্ণিত হইল তাহা বেলমোক্তা। মং ৫০০০ পাঁচ হাজার টাকা পন মূল্যে বিক্রয় করিব ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা উক্ত মূল্য বাজারোচিত মূল্য জানিয়া উক্ত মূল্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করায় আমি তাহাতে সম্মত ও রাজী থাকিয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পনের সাকুল্য মং ৫০০০ পাঁচ হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া ও তৎ প্রাপ্ত স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে -

তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার দাবী দাওয়া লভ্য হক হকিয়ত আদি ছিল ও আছে তৎ সমুদয় অদ্য তারিখে অত্র কোবালার বলে আমা হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনার প্রতি বর্তিল ও অর্শিল। আপনি অদ্য হইতে উহাতে আমার যাবতীয়

স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক সরকারে ও মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করিয়া উহার ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া উহা কাটিয়া ভরিয়া বাগ বাগিচা নির্ম্মাণে কি, উহাতে কাঁচা পাকা গৃহাদি ও ইমারত আদি নির্ম্মাণে বৃক্ষাদি রোপণে ও ছেদনে কূপ নলকূপ ড্রেন আণ্ডার ড্রেন পায়খানা ইত্যাদি খননে বৈদ্যুতিক তার ও জলের কলের কানেকশান আদি লইয়া যদিচ্ছা দখলের কার্য্য পরিচালনে দান বিক্রয় বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করণের উপযুক্ত ক্ষমতা থাকলে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি কি আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বথা সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে অন্য কোন স্থানে দান বিক্রয় বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার নিমিত্ত অপর কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা উহাতে আমার অপর কোন শরিক বা অংশীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি বা উহাতে কোন মামলা মোকর্দ্দমা চলিত বা পেণ্ডিং নাই বা কোন মোকর্দ্দমার বিষয়ীভূত নহে বা উহাতে কোন চার্জ বা লিয়েন নাই বা কোন নিষেধাজ্ঞা প্রচার নাই বা কোন প্রজাবিলি নাই বা কোন দেব সেবায় অর্পণ করি নাই বা সরকার বাহাদুর হইতে বা কোন যৌথ -

প্রতিষ্ঠান হইতে কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে বিদ্যমান থাকা অবস্থায় অত্র কোবালা দলিল মূলে আপনাকে বিক্রয় করিয়া বিক্রিত জমি জমা হইতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও আপনাকে খাস দখল প্রদান করিলাম।

আপনি আমার কথার সরল বিশ্বাসে উহা খরিদ করিলেন যদি ভবিষ্যতে আমার কোন দায় ও দোষ থাকা প্রকাশে কি আমার উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা অশুদ্ধতা থাকা প্রকাশে আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন জন্মে বা আপনি উহা হইতে বা উহার কোন অংশ হইতে বেদখল হয়েন তাহা হইলে মাফিক আইন আমলে আসিয়া আপনার সর্ব্ব প্রকার ক্ষতি পূরণ সহ আপনার প্রদত্ত পণের টাকা এক কালিন ফেরত দিতে মায় ওয়ারিশান গণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

ভুল ভ্রান্তি বশতঃ ভবিষ্যতে আমার দ্বারা কোন প্রকার সংশোধন বা পরিপুরক দলিল করিয়া দেওয়ার আবশ্যক হইলে তাহাও আপনার তলবে ও আপনার খরচায় করিয়া দিতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া পণের সাকুল্য টাকা নগদ বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম।ইতি তাং সন ১৯৭৭সালের ১১মে বাংলা ১৩৮৪ সালের ২৮ শে বৈশাখ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় —

জেলা ২৪ পরগণা থানা বরাহনগর সাবরেজেষ্ট্রী কাশীপুর দমদম এলাকাধীন বরাহনগর মিউনিসিপ্যালিটির ১৩নং ব্যারিকপুর পি, মিত্র রোড প্রেমিসেস ভুক্ত মৌজা বরাহনগর গ্রামে জেঃ এলঃ নং ৫ রেঃ সাঃ নং ৬ পরগণা কলিকাতা তৌজি নং ~~ইচ৩৩~~ ১০৬৮ নং ভুক্ত ৬১৪৯, ৬১৪৪ ও ৫৯৬৪ নং খতিয়ানে ১৭৮৭ সত্ত্বে শত সাতাশি দাগের জমি মধ্যে প্লট প্ল্যানের বি।৩ নং প্লট ভুক্ত ৴১।৵২৫ এক কাঠা তিন ছটাক পঁচিশ স্কোয়ার ফিট বাস্তু জমি যায় চলাচলের ও ব্যবহারিক স্বত্বাদি সহ দবরস্ত হক হকুক অত্র কোবালা দলিল মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে বিক্রিত সম্পত্তির হারাহারি খাজনা ৩০ পয়সা। বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর সেরেস্তায় আদায় দিতে হয়। বিক্রিত সম্পত্তি অত্র সাথ ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইল।

ইহার চৌহদ্দি —

উত্তর — ১৬ ফুট প্রশস্ত কমন প্যাসেজ
দক্ষিণ প্রনব ব্যানার্জির বাটী
পূর্ব্ব সি। ১নং প্লট ভুক্ত জমি
পশ্চিম — বি। ২ নং প্লট ভুক্ত আমার খাস জমি।

Lal Mohan Bagchi

তপশীল টাকার জায় -

অদ্য তারিখে

১০০ টাকার নোট ৫০ কেতা - ৫০০০ টাকা

মবলগে পাঁচ হাজার টাকা মাত্র।

Lal Mohan Bagchi

ইসাদী

[illegible]

টাইপ কারক

[illegible]

আলিপুর পুলিশ কোর্ট

4RK4 Del 2474 of 30/1/2017.

মং ৫০০০ পাঁচ হাজার টাকা মূল্যের
সাফ বিক্রয় কোবালা।

কোবালা গ্রহীতা

শ্রীমতী আলোরানী দেব

BARANAGAR MUNICIPALITY
Deed Produced
Date 5/8/77

Sub-Registrar
Cossipore, Dum Dum

কোবালা দাতা –

শ্রী লাল মোহন বাগচী

Volume No. 74
Pages 163 to 167
Being No. 2845
for the year 1977

মুসাবিদা কারক –

শ্রী বিজয় কুমার দত্ত
২৮।৩ বিহারী লাল পাল স্ট্রীট
কলিকাতা ৩৬।

Sub-Registrar
Cossipore, Dum Dum
1-6-77